রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম কি প্রতি মাসে তিনদিন সাওম পালন করতেন? তিনি বললেন, হ্যাঁ।

মু‘আযাহ আল-‘আদাবিয়্যা রহ. আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহার কাছে জানতে চাইলেন, “রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম কি প্রতি মাসে তিনদিন সাওম পালন
করতেন? তিনি বললেন, হ্যাঁ। আমি পুনরায় তাকে জিজ্ঞাসা করলাম, মাসের কোন কোন দিন?
তিনি বললেন, মাসের যে কোন দিন সাওম পালন করতে দ্বিধা করতেন না।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

মু‘আযাহ আল-‘আদাবিয়্যারহ রাদিয়াল্লাহু ‘আনহু আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহার কাছে জানতে চাইলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম কি প্রতি মাসে তিন দিন সাওম পালন করতেন? তিনি বললেন, হ্যাঁ। অর্থাৎ তিন দিন সাওম পালন করা তাঁর সর্বনিম্ন অভ্যাস ছিলো। “আমি পুনরায় তাকে জিজ্ঞাসা করলাম, মাসের কোন কোন দিন তিনি সাওম পালন করতেন?” সপ্তাহের দিনগুলো বাদ দিতে মাসের কথা উল্লেখ করা হয়েছে। অর্থাৎ উক্ত তিন দিন কি মাসের প্রথমভাগে ছিলো? নাকি মধ্যভাগে বা শেষভাগে? আবার তা ধারাবাহিক তিন দিন, নাকি ভিন্ন ভিন্ন তিন দিন? তিনি বললেন, “তিনি মাসের যে কোন দিন সাওম পালন করতে দ্বিধা করতেন না।” অর্থাৎ মাসের যে কোন তিন দিন সাওম পালন করতে গুরুত্ব দিয়েছেন, দিন নির্দিষ্ট করে নয়। কেননা যে কোন তিন দিন সাওম পালন করলেই সাওয়াব অর্জিত হবে। সুতরাং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাঁর সুবিধা মতো যখন চাইতেন তখন সাওম পালন করতেন। তাঁর নানা ব্যস্ততার কারণে নির্দিষ্ট দিনে এ সাওম পালন করতেন না অথবা মাসের যে কোন তিন দিন সাওম পালন করা জায়েয বুঝাতে তিনি বিভিন্ন সময় তিন দিন সাওম পালন করতেন। তিনি যেভাবেই সাওম পালন করেছেন তা তাঁর জন্য উত্তম ছিলো। দেখুন, ফাতহুল বারী, (4/227); মিরকাতুল মাফাতীহ, (4/1416); দালিলুল ফালিহীন, (7/71)

https://sunnah.global/hadeeth/bn/show/10111